গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা),
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০০৮.২৬.১৪১ তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জিন হং গার্মেন্টস লিমিটেড, নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯ অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-১১৮৭, তারিখঃ ২৮/০৯/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে জিন হং গার্মেন্টস লিমিটেড, অফিস ও কারখানা: নাওজোর, টাঙ্গাইল রোড, চান্দনা, চৌরাস্তা, গাজীপুর, নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার বিদ্যমান নিবন্ধন সংখ্যা: আরএমজি/ইএক্সপি/এফ০০০১২২৩-২৪, তারিখ: ০৪/০২/২০২৪ খ্রি: এবং শিল্প উপ-খাত: তৈরি পোশাক (নীট ও ওভেন)। কারখানা কর্তৃপক্ষের অনুকুলে জারিকৃত শিল্প আইআরসি নম্বর: ২৬০৩২৬১২০৫৩১৬২৪, তারিখ:২৩/০৯/২০২৪খ্রি:। কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে শিল্প আইআরসি জারীর সুপারিশপত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কারখানা কতৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ও বার্ষিক আমদানি স্বত্ব অপরিবর্তিত রেখে বর্তমান আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯ এর অনুচ্ছেদ ২৩ (ক) অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) শিল্প হিসেবে কারখানাটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারী নিয়মাবলি প্রতিপালন (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য সংক্রান্ত শর্ত সমূহ প্রতিপালন সাপেক্ষ) করতে হবে।

০২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে জিন হং গার্মেন্টস লিমিটেড, নামক শিল্প কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ও বার্ষিক আমদানি স্বত্ব অপরিবর্তিত রেখে বর্তমান আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯ এর অনুচ্ছেদ ২৩ (ক) অনুযায়ী ০৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

সংযুক্তি: বর্ণনামতে।

০১-১০-২০২৬
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব)
প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০০৮.২৬.১৪১/১ (৩) তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), প্লট নং-২, গরীব-ই- নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।

৩। ব্যবস্থাপনা পরিচালক, জিন হং গার্মেন্টস লিমিটেড, অফিস ও কারখানা: নাওজোর, টাংগাইল রোড, চান্দনা, চৌরাস্তা, গাজী পুর সদর, গাজীপুর।

৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।

৫। সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

০১-১০-২০২৬
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)